

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৪০৪

২৭/ আদব

পরিচ্ছেদঃ ভাল লোকদের সাথে সাক্ষাৎ করা, তাঁদের সাহচর্য গ্রহণ করা, তাঁদেরকে ভালবাসা, তাঁদেরকে বাড়িতে দাওয়াত দেওয়া, তাঁদের কাছে দু'আ চাওয়া এবং বরকতময় স্থানসমূহের দর্শন

আরবী

وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ عَلَيْهِ أَنَّ رَجُلاً زَارَ أَخَا لَهُ في قَرِيَة أُخْرَى فَأَرْصَدَ الله تَعَالَى عَلَى مَدْرَجَتِهِ مَلَكاً فَلَمَّا أَتَى عَلَيهِ قَالَ: أَيْنَ تُريدُ ؟ قَالَ: أُريدُ أَخاً لي في هذه القَريَةِ عَلَى مَدْرَجَتِهِ مَلَكاً فَلَمَّا أَتَى عَلَيهِ قَالَ: أَيْنَ تُريدُ ؟ قَالَ: لا غَيْرَ أَنِي أَحْبَبْتُهُ في الله تَعَالَى قَالَ: قَالَ: هَلْ لَكَ عَلَيهِ مِنْ نِعْمَة تَرُبُّهَا عَلَيهِ ؟ قَالَ: لا غَيْرَ أَنِي أَحْبَبْتُهُ في الله تَعَالَى قَالَ: فإنِي رَسُوْلُ الله إلَيْكَ بَأَنَّ اللهَ قَدْ أَحَبَّكَ كَمَا أَحْبَبْتَهُ فِيهِ رواه مسلم

বাংলা

(৩৪০৪) আবৃ হুরাইরাহ (রাঃ) কর্তৃক বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, এক ব্যক্তি অন্য কোন গ্রামে তার ভাইয়ের সাথে সাক্ষাৎ করার জন্য বের হল। আল্লাহ তাআলা তার রাস্তায় এক ফিরিশতাকে বসিয়ে দিলেন, তিনি তার অপেক্ষা করতে থাকলেন। যখন সে তাঁর কাছে পৌঁছল, তখন তিনি তাকে বললেন, 'তুমি কোথায় যাচ্ছ?' সে বলল, 'এ লোকালয়ে আমার এক ভাই আছে, আমি তার কাছে যাচ্ছি।' ফিরিশতা জিজ্ঞেস করলেন, 'তোমার প্রতি কি তার কোন অনুগ্রহ রয়েছে, যার বিনিময় দেওয়ার জন্য তুমি যাচ্ছ?' সে বলল, 'না, আমি তার নিকট কেবলমাত্র এই জন্য যাচ্ছি যে, আমি তাকে আল্লাহর ওয়াস্তে ভালবাস।' ফিরিশতা বললেন, 'তোহলে শোনো) আমি তোমার নিকট আল্লাহর দূত হিসাবে (এ কথা জানাবার জন্য) এসেছি যে, আল্লাহ তাআলা তোমাকে ভালবাসেন: যেমন তুমি তাকে আল্লাহর জন্য ভালবাস।

ফুটনোট

(মুসলিম ৬৭১৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন